

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৭৩]

৮/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৫। মসজিদে হাল্কা বাঁধা ও বসা

باب الْحِلَقِ وَالْجُلُوسِ فِي الْمَسْجِدِ

আরবী

حَدَّقَنَا أَبُو النُّعْمَانِ، قَالَ حَدَّقَنَا حَمَّادٌ، عَنْ أَيُّوبَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَجُلاً، جَاءَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم وَهْوَ يَخْطُبُ فَقَالَ كَيْفَ صَلَاةُ اللَّيْلِ فَقَالَ " مَثْنَى مَثْنَى مَثْنَى، فَإِذَا خَشِيتَ الصَّبْحَ فَأُوْتِرْ بِوَاحِدَةٍ، تُوتِرُ لَكَ مَا قَدْ صَلَاةُ اللَّيْلِ فَقَالَ الْوَلِيدُ بْنُ كَثِيرٍ حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ أَنَّ ابْنَ عُمَرَ حَدَّثَهُمْ أَنَّ رَجُلاً نَادَى النَّبِيَّ صلى الله عليه وسلم وَهُوَ فِي الْمَسْجِدِ.

বাংলা

৪৫৯। আবৃ নু'মান (রহঃ) ... ইবনু উমর (রাঃ) থেকে বর্ণিত, এক সাহাবী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এমন সময় আসলেন যখন তিনি খুতবা দিচ্ছিলেন। তিনি জিজ্ঞাসা করলেনঃ রাতের সালাত (নামায/নামাজ) কিভাবে আদায় করতে হয়? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ দু'রাকা'আত দু'রাকা'আত করে আদায় করবে। আর যখন ভোর হওয়ার আশংকা করবে, তখন আরো এক রাকা'আত আদায় করে নিবে। সে সালাত তোমার আগের সালাতকে বিতর করে দিবে। ওয়ালীদ ইবনু কাসীর (রহঃ) বলেনঃ উবায়দুল্লাহ ইবনু আবদুল্লাহ (রহঃ) আমার কাছে বলেছেন যে, ইবনু উমর (রাঃ) তাঁদের বলেছেনঃ এক সাহাবী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সম্বোধন করে বললেন, তখন তিনি মসজিদে ছিলেন।

English

Narrated Ibn `Umar: A man came to the Prophet (sallallahu 'alaihi wa sallam) while he was delivering the sermon and asked him how to offer the night prayers. The Prophet (sallallahu 'alaihi wa sallam) replied, 'Pray two rak`at at a time and then two and then two and so on and if you are afraid of dawn (the approach of the time of the Fajr prayer) pray one rak`a and that will be the with for all the rak`at which you have prayed." Narrated 'Ubaidullah bin `Abdullah bin `Umar: A man called the Prophet (sallallahu 'alaihi wa sallam)



while he was in the mosque.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন